দৈনিক
জনকণ্ঠ

তারিখ ...[illegible]...
পৃষ্ঠা ...৬... কলাম ...৭......

# শিক্ষা বাঁচান, দেশ বাঁচান

বর্তমান শিক্ষা ক্ষেত্রে বছরের প্রথম দিনে বিনামূল্যে বই বিতরণ, প্রাইমারী শিক্ষায় প্রায় শতভাগ শিশুকে বিদ্যালয়ে নিয়ে আসা, বেসরকারীকরণ ইত্যাদি বিষয়ে উন্নয়ন দৃশ্যমান হলেও এ ক্ষেত্রে কিছু সঙ্কট ও নানা সমস্যাও আছে। যেমন শিক্ষকের যোগ্যতা, শ্রেণীকক্ষে শিক্ষাদানের অভাব, শিক্ষকদের অতিমাত্রায় কোচিং নির্ভর, পরীক্ষা পদ্ধতির ত্রুটি এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের মধ্যে রাজনীতির কালো ছায়া। গত ১৫-২০ বছরে মেধাবী ছেলে মেয়েরা শিক্ষকতা পেশায় আসতে পারছে না নৈতিকতার কারণে। হাতে গোনা কয়েকটি বিদ্যালয় ছাড়া অন্যান্য বিদ্যালয়ে পড়ালেখার মান খুব খারাপ। আবার সর্বোচ্চ ডিগ্রী লাভ করে একজন শিক্ষার্থী মানগতভাবে অনেক পিছিয়ে থেকেও অসাধু উপায়ে বিভিন্ন প্রতিষ্ঠানে চাকরি নিচ্ছে। অনেক শিক্ষার্থী বিদেশে পড়ালেখা